# বিয়াম ফাউন্ডেশন গবেষণা কেন্দ্র (বিএফআরসি)

# BIAM Foundation Research Center (BFRC)

www.bfrc.gov.bd

R. No- ২৪৯ / ২১/৪/২৫

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০০.০০২.০২.০০৪৩.২৬-৬৬

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: বিসিএস (প্রশাসন) সার্ভিসের সদস্যদের 'AI Readiness Assessment' সংক্রান্ত গবেষণা কার্যক্রমে অনলাইন প্রশ্নমালা পূরণ করে তথ্য সংগ্রহে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক বরাদ্দকৃত বাজেটের আওতায় বিয়াম ফাউন্ডেশন গবেষণা কেন্দ্র (বিএফআরসি) চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে মোট ৪৬টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করেছে। উক্ত গবেষণা কার্যক্রমের মধ্যে সাবেক অতিরিক্ত সচিব ড. মোঃ মাহমুদুল হক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগ যৌথভাবে "AI Readiness Assessment and Tailored Training Module Design for BCS Administrative Officers of the Government of Bangladesh" শীর্ষক একটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রকল্প পরিচালনা করছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাঠ পর্যায়ের প্রশাসন সার্ভিসের সদস্যদের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বিষয়ক সক্ষমতা বৃদ্ধি এবং তাদের জন্য কার্যকর প্রশিক্ষণ মডিউল তৈরি করাই এই গবেষণার মূল লক্ষ্য।

২. এই গবেষণার অংশ হিসেবে দেশব্যাপী একটি অনলাইন জরিপ (Online Survey) পরিচালনা করা হচ্ছে। প্রশাসনিক বিভাগ, জেলা ও উপজেলাগুলোতে কর্মরত বিসিএস (প্রশাসন) সার্ভিসের সকল পর্যায়ের (বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, বিভাগীয় প্রশাসনে কর্মরত অন্যান্য কর্মকর্তা, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, এডিএম, ইউএনও, এসি ল্যান্ডসহ সকল সিনিয়র সহকারী কমিশনার, সহকারী কমিশনার) কর্মকর্তাগণকে নিম্নোক্ত লিঙ্কের মাধ্যমে অনলাইন প্রশ্নমালাটি পূরণে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। লিংকটি হলো- (https://docs.google.com/forms/d/e/1FAIpQLSf2K_xVvXK-ccwz7ebQ1kLn3bZmLEjf6HDzFBv2IFYvav42LQ/viewform?usp=sharing&ouid=102793587105810409244)। লিঙ্কটি ইমেইলেও প্রেরণ করা হলো। প্রশ্নমালাটি পূরণের পাশাপাশি গবেষক দলকে FGD, Ethnographic Observation এবং In-depth interview সংক্রান্ত বিষয়ে সহযোগিতা প্রয়োজন হতে পারে।

৩. সহযোগিতার সুবিধার্থে কিছু নির্দেশিকা: ক. গবেষণার জন্য নির্ধারিত কর্মকর্তাদের অনলাইন প্রশ্নমালাটি নির্ভুলভাবে পূরণে উদ্বুদ্ধ করা খ. কোন কর্মকর্তা স্টেশনে না থাকলে তদস্থলে পূর্ববর্তী বা পরবর্তী যেকোন বিসিএস এডমিন ক্যাডারের কর্মকর্তা প্রশ্নমালাটি পূরণ করতে পারবেন। গ. সংগৃহীত তথ্য কেবল গবেষণার কাজেই ব্যবহৃত হবে এবং কর্মকর্তাদের গোপনীয়তা কঠোরভাবে রক্ষা করা হবে। ঘ. এই কার্যক্রম যেন দাপ্তরিক স্বাভাবিক কাজে কোনো বিঘ্ন না ঘটায় সেদিকে লক্ষ্য রাখা হবে।

৪. মহোদয়ের সক্রিয় সহযোগিতায় এই গবেষণার প্রাপ্ত ফলাফল প্রশাসনের দক্ষতা বৃদ্ধি এবং ভবিষ্যৎ প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়। বর্ণিত প্রেক্ষিতে, মহোদয় নিজে অনলাইন প্রশ্নমালা পূরণসহ তাঁর অধিক্ষেত্রাধীন বিভাগ, জেলা ও উপজেলা থেকে পর্যাপ্ত সংখ্যক কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৬/০৪/২৬

(ড. মো. মফিজুর রহমান)
নির্বাহী পরিচালক

(সাবেক অতিরিক্ত সচিব)
ফোন-০১৫৩৭৫৩৬৭৪০

বিতরণঃ কার্যার্থে ১. বিভাগীয় কমিশনার (সকল)।
২. জেলা প্রশাসক (সকল)
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩) ড. মোঃ মাহমুদ-উল- হক, পিআই, সাবেক অতিরিক্ত সচিব, সিনিয়র এডুকেশন এডভাইজার, ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ, ঢাকা।
৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিয়াম ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোনঃ ৪১০৩০৮৬৮ (সরাসরি), ৪১০৩০৮৪৫ (পিএবিএক্স)
63, New Eskaton, Dhaka-1217. Ph. 880-2-41030868 (Direct), 880-2-41030845 (pabx), Email: ed.biam.rc@biam.gov.bd

realme

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
সংস্থাপন শাখা
www.khulna.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৪৪.৪৭০০.০০০.০২৬.২৫.০০০৫.২৬.২২৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বিসিএস (প্রশাসন) সার্ভিসের সদস্যদের 'AI Readiness Assessment' সংক্রান্ত গবেষণা কার্যক্রমে অনলাইন প্রশ্নমালা পূরণ করে তথ্য সংগ্রহে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও উপর্যুক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-০৬-২০২৬
বিতান কুমার মন্ডল
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

**স্মারক নম্বর:** ০৫.৪৪.৪৭০০.০০০.০২৬.২৫.০০০৫.২৬.২২৫/১ (১০)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (..............................)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।

৩। উপজেলা নির্বাহী অফিসার,.....................................(সকল), খুলনা।

৪। সিনিয়র সহকারী কমিশনার, .................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/নেজারত ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার, খুলনা।

৬। সহকারী কমিশনার (ভূমি),.....................................(সকল), খুলনা।

৭। সহকারী কমিশনার, .................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

৮। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১০। অফিস কপি।

Bitanmandal

৩০-০৬-২০২৬
বিতান কুমার মন্ডল
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)